



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

‘৩য় আন্তঃবিশ্ববিদ্যালয় নারী বিতর্ক প্রতিযোগিতা’



১৭ ও ১৮ নভেম্বর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ডিবেট অর্গানাইজেশন কর্তৃক আয়োজিত ‘৩য় আন্তঃবিশ্ববিদ্যালয় নারী বিতর্ক প্রতিযোগিতা’য় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির ‘৭১ এর গণহত্যা’ নামক দল অংশগ্রহণ করে এবং রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করেন। প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়সহ ২৪টি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করে। ফাইনালের সেরা বিতর্কিক এবং ডিবেটর অফ দ্য টুর্নামেন্ট নির্বাচিত হন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সানজিদা আক্তার শম্পা।

এ উপলক্ষে ১৯ নভেম্বর-২০১৭ (রবিবার) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ডিবেটিং সোসাইটির মডারেটর মোঃ নজরুল ইসলাম-এর নেতৃত্বে বিতর্ক দল উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়ার সাথে তাঁদের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় ডিবেটিং সোসাইটির সভাপতি এবং সাধারণ সম্পাদকসহ অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ১ম আন্তঃবিশ্ববিদ্যালয় নারী বিতর্ক প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছিল।